Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **D-140**
বিষয়: **শূন্যপদ পূরণসহ কম্যুনিটি এডুকেশন কাউন্সিলের সদস্য মনোনয়ন এবং নির্বাচন প্রক্রিয়া**
শ্রেণি: **কমিউনিটি এডুকেশন কাউন্সিল**
ইস্যুর তারিখ: **22 ডিসেম্বর, 2022**

## পরিবর্তনসমূহের সংক্ষিপ্তসার

এই প্রবিধান 29 এপ্রিল, 2021 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান D-140 কে হালনাগাদ করে এবং তার স্থলাভিষিক্ত হয়।

পরিবর্তনসমূহ:

- কমিউনিটি এডুকেশন কাউন্সিলের গঠন সম্পর্কিত নিউইয়র্ক এডুকেশন ল-এর 2022 সংশোধনীর সাথে সামঞ্জস্যপূর্ণ করার জন্য প্রবিধান জুড়ে একাধিক ব্যবস্থাকে হালনাগাদ করে, যথা: একজন নতুন ভোটাধিকারসম্পন্ন সদস্য হিসেবে এমন একজন পিতামাতাকে যোগ করা যার সন্তান ডিস্ট্রিক্ট 75 স্কুল বা প্রোগ্রামে অংশগ্রহণ করছে বা গত দুই বছরের মধ্যে অংশগ্রহণ করেছে; এবং একজন দ্বিতীয় ভোটাধিকারহীন শিক্ষার্থী সদস্য যোগ করা।
- ডিস্ট্রিক্ট 75 স্কুল এবং প্রোগ্রামের প্রতিনিধিত্বকারী নতুন ভোটাধিকারসম্পন্ন সদস্য নির্বাচনের একটি প্রক্রিয়া, এবং এই ধরনের পদে যে কোনো শূন্যপদ পূরণের জন্য একটি প্রক্রিয়া স্থাপন করে (সেকশন V, IX)।

Department of Education

**চ্যান্সেলরের প্রবিধান**

নম্বর: **D-140**
বিষয়: **শূন্যপদ পূরণসহ কম্যুনিটি এডুকেশন কাউন্সিলের সদস্য মনোনয়ন এবং নির্বাচন প্রক্রিয়া**
শ্রেণি: **কমিউনিটি এডুকেশন কাউন্সিল**
ইস্যুর তারিখ: **22 ডিসেম্বর, 2022**

***সারসংক্ষেপ***

এই প্রবিধান কমিউনিটি এডুকেশন কাউন্সিল("CEC") সদস্যদের যোগ্যতার শর্ত এবং মনোনয়ন ও বাছাই/নির্বাচন প্রক্রিয়ার বিস্তারিত ব্যাখ্যা দেয়। এছাড়াও এটি শূন্যপদ পূরণের প্রক্রিয়াও ব্যাখ্যা করে।

**I.** *গঠন*

প্রত্যেক কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্টের অবশ্যই একটি কমিউনিটি এডুকেশন কাউন্সিল ("CEC") থাকতে হবে যা 12 জন ভোটাধিকারসম্পন্ন সদস্য এবং দুই জন ভোটাধিকারহীন শিক্ষার্থী সদস্য সমন্বয়ে গঠিত হবে। ভোটাধিকারসম্পন্ন সদস্যদের নয়জন নির্বাচিত হন এই প্রবিধানের বিধি অনুযায়ী এবং যখন নির্বাচন করা হয়, তখন তাদেরকে অবশ্যই কিন্ডারগার্টেন থেকে অষ্টম গ্রেডের, অথবা কোনো প্রি-কিন্ডারগার্টেন (প্রি-K) প্রোগ্রামের শিক্ষার্থীর পিতামাতা হতে হবে, যে কোনো একটি স্কুল বা প্রি-K প্রোগ্রামে আছে, যেটির অফার প্রদান করে কোনো কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর আওতাভুক্ত কোনো স্কুল। একজন দশম ভোটাধিকারসম্পন্ন সদস্যকে এই প্রবিধানে নির্ধারিত পদ্ধতি অনুসারে নির্বাচিত করা হয় এবং তাদের নির্বাচনের সময়, ডিস্ট্রিক্ট 75 স্কুলে বা CEC-এর ভৌগোলিক ডিস্ট্রিক্টের মধ্যে অবস্থিত প্রোগ্রামে একজন শিক্ষার্থীর পিতামাতা হতে হবে। অবশিষ্ট দুইজন ভোটাধিকারসম্পন্ন সদস্য বরো প্রেসিডেন্ট কর্তৃক নিয়োগপ্রাপ্ত হবেন। শিক্ষার্থী সদস্যগণ নিযুক্ত হন কমিউনিটি সুপারিনটেনডেন্ট দ্বারা।

**II.** *যোগ্যতা*

A. পিতামাতাগণ

1. নয়জন পিতামাতা সদস্য যারা CEC-তে পরিষেবা প্রদান করেন তাদের এমন পিতামাতা হতে হবে যাদের সন্তান কোনো স্কুলে পড়ছে অথবা কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্টের অধীনে কোনো স্কুল প্রদত্ত প্রি-K কর্মসূচিতে আছে, অথবা গত দুই বছরের মধ্যে এমন কোনো স্কুল অথবা প্রি-K কর্মসূচিতে পড়েছে।

2. একজন পিতামাতা সদস্যকে অবশ্যই এমন একজন পিতামাতা হতে হবে যার একজন সন্তান ডিস্ট্রিক্ট 75 স্কুলে বা CEC-এর ভৌগোলিক ডিস্ট্রিক্টের মধ্যে অবস্থিত প্রোগ্রামে আছে, অথবা গত দুই বছরের মধ্যে যে এমন কোনো স্কুল অথবা প্রোগ্রামে পড়েছে।

3. পিতামাতা বলতে পিতা কিংবা মাতা (জন্মগত বা পালক, সৎ-পিতা বা ফস্টার বা তত্ত্বাবধানকারী পিতামাতা), আইনগত অভিভাবক, বা যার সাথে সন্তানের পিতামাতাসুলভ সম্পর্ক আছে, এমন কোনো ব্যক্তিকে বুঝায়। শিক্ষার্থীর সাথে পিতামাতার সম্পর্কে আবদ্ধ ব্যক্তি তিনি, যিনি পিতামাতা বা আইনগত অভিভাবকের স্থলে নিয়মিতভাবে সন্তানের সেবা ও তত্ত্বাবধানের জন্য সরাসরি দায়বদ্ধ থাকেন।

4. কিন্ডারগার্টেন থেকে অষ্টম গ্রেডের যেকোনো শিক্ষার্থী, অথবা একটি প্রি-K প্রোগ্রামের শিক্ষার্থী যে বর্তমানে কোনো একটি স্কুলে অথবা কোনো কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্টের অধীনে কোনো একটি স্কুল প্রদত্ত প্রি-K প্রোগ্রামের শিক্ষার্থীর পিতামাতা ঐ ডিস্ট্রিক্টের CEC-তে একটি আসনের জন্য প্রতিদ্বন্দ্বিতা করার যোগ্য।

5. ডিস্ট্রিক্ট 75 স্কুল বা CEC-এর ভৌগোলিক ডিস্ট্রিক্টের মধ্যে অবস্থিত প্রোগ্রামে একজন শিক্ষার্থীর যে কোনো পিতামাতা CEC-তে আসনের জন্য প্রতিদ্বন্দ্বিতা করার যোগ্য যেটি একটি ডিস্ট্রিক্ট 75 স্কুল বা প্রোগ্রামে (“ডিস্ট্রিক্ট 75 আসন”) একজন শিক্ষার্থীর পিতামাতার জন্য সংরক্ষিত।

6. CEC-এর কোনো আসনে প্রার্থী হওয়ার জন্য পিতামাতার আবেদনের তারিখ বিবেচনা করে যোগ্যতা নির্ধারণ করা হয়।

7. কিন্ডারগার্টেন থেকে অষ্টম গ্রেডের কোনো শিক্ষার্থীর পিতামাতা যিনি আবেদনের সময় যোগ্যতাসম্পন্ন, যদি যথাযথভাবে নির্বাচিত হন, তাহলে তাকে, এমন কী ছেলেমেয়েটি অষ্টম গ্রেড থেকে উত্তীর্ণ হয়ে গেলেও এবং/অথবা পিতামাতার মেয়াদ থাকাকালে সংশ্লিষ্ট কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর অধীনস্থ কোন স্কুলে যাওয়া বন্ধ করে দিলেও, পূর্ণ দুই বছর মেয়াদের জন্য CEC-তে কাজ করার অনুমতি দেয়া হবে।

8. একটি ডিস্ট্রিক্ট 75 স্কুল বা প্রোগ্রামের কোনো শিক্ষার্থীর পিতামাতা যিনি আবেদনের সময় যোগ্যতাসম্পন্ন, যদি যথাযথভাবে নির্বাচিত হন, তাহলে তাকে, এমন কী শিক্ষার্থীটি পিতামাতার মেয়াদ থাকাকালে CEC-এর ভৌগোলিক ডিস্ট্রিক্টের মধ্যে অবস্থিত একটি ডিস্ট্রিক্ট 75 স্কুল বা প্রোগ্রামে যাওয়া বন্ধ করে দিলেও, পূর্ণ দুই বছর মেয়াদের জন্য CEC-তে কাজ করার অনুমতি দেয়া হবে।

9. প্রি-K প্রোগ্রামের একজন শিক্ষার্থীর পিতামাতা যিনি আবেদনের সময় যোগ্যতাসম্পন্ন - শিক্ষার্থীটি স্কুল ছেড়ে দিলে অথবা একই কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্টের অধীনে কোনো স্কুল প্রদত্ত প্রোগ্রাম ছেড়ে দিলে পরিষেবাদানে অযোগ্য বিবেচিত হবেন।

10. পিতামাতা সদস্যগণ দুই-বছর মেয়াদে পরিষেবা প্রদান করেন এবং তাদের মেয়াদসংখ্যা সীমিত নয়।

B. বরো প্রেসিডেন্ট কর্তৃক নিয়োগপ্রাপ্ত ব্যক্তিবর্গ

1. বরো প্রেসিডেন্ট কর্তৃক নিয়োগপ্রাপ্ত সেই দুইজন সদস্যকে সংশ্লিষ্ট ডিস্ট্রিক্ট-এর বাসিন্দা হতে বা সেখানকার কোনো ব্যবসার মালিক বা পরিচালক হতে হবে, এবং তার ব্যবসা, ট্রেড, অথা শিক্ষাগত বিস্তৃত অভিজ্ঞতা ও জ্ঞান থাকতে হবে। এ ধরনের সদস্যগণ দুই-বছর মেয়াদে পরিষেবা প্রদান করেন এবং তাদের তাদের মেয়াদসংখ্যা সীমিত নয়।

2. বরো প্রেসিডেন্ট কর্তৃক CEC-তে নিযুক্তি চাওয়া ব্যক্তিগণ DOE-র অফিস অভ ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এমপাওয়ারমেন্ট (“FACE”) থেকে একটি আবেদনপত্র সংগ্রহ করবেন, এবং পূরণকৃত

ফর্মটি ccecinfo@schools.nyc.gov ঠিকানায় FACE-এ জমা দেবেন। FACE যোগ্যতা পর্যালোচনা করার পর যোগ্য আবেদনগুলি বরো প্রেসিডেন্ট-এর কাছে পাঠাবে। নিযুক্তির সকল সিদ্ধান্ত বরো প্রেসিডেন্ট-এর বিবেচনা অনুযায়ী হবে।

C. শিক্ষার্থী সদস্য (ভোটাধিকারহীন)

1. যেসব হাই স্কুলের শিক্ষার্থী পরিষেবা গ্রাহক অবস্থায়ই সিনিয়র হবে, যারা সে কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এ পরিষেবা দেবে, যেখানে তারা বসবাস করবে, যারা তাদের স্কুলের নির্বাচিত স্টুডেন্ট গভর্নমেন্টের অংশ, তারা কমিউনিটি সুপারিনটেনডেন্ট কর্তৃক নিযুক্ত হওয়ার যোগ্য হবে। শিক্ষার্থী যে কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এ পরিষেবা দেবে, তাকে সেখানে অবস্থিত কোন হাই স্কুলের শিক্ষার্থী হতে হবে না। যদি পরিষেবা দেওয়ার জন্য কোনো সিনিয়ে না পাওয়া যায় যে স্টুডেন্ট গভর্নমেন্টে নির্বাচিত হয়েছে, তাহলে অপর কোনো নেতৃত্বশীল পদে আসীন নির্বাচিত সিনিয়রকে (যেমন কোন ক্লাবের প্রেসিডেন্ট) বিবেচনা করা যেতে পারে। এই প্রবিধান সংশ্লিষ্ট উদ্দেশ্যে, সিনিয়র হলেন এমন শিক্ষার্থী যার 30 হাই স্কুল ক্রেডিট রয়েছে।

2. আগ্রহী শিক্ষার্থীদের অবশ্যই FACE থেকে আবেদনপত্র সংগ্রহ করতে হবে এবং পূরণকৃত আবেদন ccecinfo@schools.nyc.gov ঠিকানায় FACE-এ জমা দিতে হবে। FACE যোগ্যতা পর্যালোচনা করবে এবং যোগ্য আবেদনগুলি সংশ্লিষ্ট কমিউনিটি ডিস্ট্রিক্ট সুপারিনটেনডেন্ট-এর কাছে পাঠাবে। সকল নিযুক্তির সিদ্ধান্ত সুপারিনটেনডেন্ট-এর বিবেচনা অনুযায়ী হবে।

3. ভোটাধিকারহীন শিক্ষার্থী সদস্যরা এক-বছরের মেয়াদে পরিষেবা দেয় যার শুরু জুলাই মাসের 1 তারিখ ও সমাপ্তি পরবর্তী বছরের 30 জুন।

D. যেসব ব্যক্তি পরিষেবাদানের যোগ্য নন

1. নিচে উল্লিখিত ব্যক্তিগণ যোগ্য নন:

   a. নির্বাচিত জনপ্রতিনিধি কিংবা পার্টির পক্ষ থেকে নির্বাচিত বা মনোনীত পদাধিকারী ব্যক্তি (জাতীয়, স্টেট, বিচার বিভাগীয় বা অন্য কোন পার্টির সম্মেলনে, কিংবা কোন কাউন্টি কমিটিতে প্রতিনিধি বা বিকল্প প্রতিনিধি ছাড়া);

   b. বর্তমান নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন ("DOE")-এর কর্মীবৃন্দ;

   c. অপর কোনো CEC, কিংবা অন্য কোনো সিটিওয়াইড কাউন্সিলে কর্মরত ব্যক্তিবর্গ;

   d. প্যানেল ফর এডুকেশন পলিসি-এর সদস্যগণ;

   e. প্যারেন্ট অ্যাসোসিয়েশন অথবা প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশন স্কুল লিডারশিপ টিম, ডিস্ট্রিক্ট প্রেসিডেন্টস কাউন্সিল, বরো হাই স্কুল কাউন্সিল, কিংবা টাইটেল ওয়ান কমিটি থেকে যেসব ব্যক্তিকে তাদের কাজের সাথে সরাসরি সম্পর্কিত কোন অপকর্মের জন্য অপসারণ করা হয়েছে কিংবা এসব অ্যাসোসিয়েশন, টিম, কাউন্সিল বা কমিটি থেকে তাদের কাজের সাথে সরাসরি সম্পর্কিত কোন অপরাধে যারা দোষী সাব্যস্ত হয়েছেন; এবং

   f. DOE-এর এথিক্স অফিসার বা চ্যান্সেলরের অন্য মনোনীত ব্যক্তি যেসব ব্যক্তিদের সাথে স্বার্থের দ্বন্দ্ব আছে বলে নিশ্চিত করেছেন।

2. নিচের উল্লিখিত ব্যক্তিগণও অযোগ্য বিবেচিত হতে পারেন:

   a. যেসব ব্যক্তি CEC বা সিটিওয়াইড কাউন্সিলে পরিষেবাদানকালে এমন অপকর্ম করেছে যা তাদের কাজের সাথে সরাসরি সম্পর্কযুক্ত; কিংবা

   b. যেসব ব্যক্তি কোনো অপরাধের জন্য দণ্ডিত হয়েছেন, যদি সে ধরনের দণ্ড নিউ ইয়র্ক স্টেট কারেকশন আইনের অনুচ্ছেদ 23-A অনুযায়ী হয়েছে বলে বিবেচনা করা হয়ে থাকে।

**III.** *কোনো CEC-এর নির্বাচন করতে চাওয়া*

A. নির্বাচনের বছরের জানুয়ারি থেকে শুরু করে FACE নির্বাচন প্রক্রিয়ার ঘোষণা প্রকাশ করবে, এর অন্তর্ভুক্ত থাকবে আবেদনপত্র জমাদান এবং ভোটিংয়ের সময়সীমা।

B. CEC-তে পরিষেবাদানে আগ্রহী পিতামাতাগণ নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্টের ("NYCSA") আবেদনপত্রের মাধ্যমে অনলাইনে আবেদনপত্র জমা দেবেন। যেসব পিতামাতার ইন্টারনেট ব্যবহারের সুবিধা নেই তারা প্যারেন্ট কোঅর্ডিনেটর বা প্রিন্সিপালকে স্কুল বা ডিস্ট্রিক্ট অফিসের কম্পিউটার ব্যবহারের ব্যবস্থা করতে অনুরোধ করতে পারেন বা কোনো পাবলিক লাইব্রেরির কম্পিউটার ব্যবহার সম্পর্কিত তথ্য পেতে 311 নম্বরে ফোন করতে পারেন।

C. প্রার্থীরা তাদের আবেদনপত্রে প্রত্যয়ন করবেন যে তারা DOE স্কুলে অধ্যয়নরত তাদের সকল ছেলেমেয়েকে তাদের NYCSA অ্যাকাউন্ট-এর সাথে সংযুক্ত করেছেন। একজন প্রার্থী যিনি CEC-তে আবেদন করছেন, তাকে তাদের কোনো সন্তান যে কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্টে যাচ্ছে, তার অধীনস্থ প্রতিটি স্কুলের প্রতিনিধি হিসেবে বিবেচনা করা হবে। একজন প্রার্থী যিনি ডিস্ট্রিক্ট 75-এর আসন-এ আবেদন করছেন, তাকে তাদের যে সন্তান বর্তমানে CEC-এর যে ভৌগোলিক ডিস্ট্রিক্টে যাচ্ছে, সেটার অভ্যন্তরস্থ সবগুলো ডিস্ট্রিক্ট 75 স্কুলের প্রতিনিধি হিসেবে বিবেচনা করা হবে। কোনো প্রার্থী যে স্কুলগুলোর প্রতিনিধিত্ব করছেন, তিনি সেগুলোর সবটির তথ্য প্রদান করতে ব্যর্থ হলে সেটি তাকে অযোগ্য বিবেচনা করার ভিত্তি বলে গণ্য করা হবে।

D. প্রার্থীগণ যোগ্য হলে যতগুলি ইচ্ছা কমিউনিটি এবং/অথবা সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলের জন্য আবেদন করতে পারেন কিন্তু, নির্বাচিত হলে তিনি শুধু একটিতে পরিষেবা দিতে পারবেন। যেসব প্রার্থী একাধিক কাউন্সিলে আবেদন করতে আগ্রহী, তাদের অবশ্যই অগ্রাধিকারের ভিত্তিতে কাউন্সিলগুলিকে ক্রমানুসারে তালিকাভুক্ত করতে হবে; যদি তিনি একাধিক কাউন্সিলে নির্বাচিত হন, তাহলে তিনি শুধু সেই কাউন্সিলে পরিষেবা দেবেন যেটিকে তিনি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছেন।

E. CEC-তে কমপক্ষে একটি আসন পূরণ করতে হবে এমন এক পিতামাতাকে, যার একটি সন্তানের ইন্ডিভিজ্যুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) ছিলো বা আছে ("IEP প্যারেন্ট")। এই আসনের জন্য কোনো আগ্রহী প্রার্থীকে অবশ্যই এই মর্মে তথ্য প্রকাশে সম্মতি দিতে হবে যে এই সদস্য পদপ্রার্থী একজন IEP পিতামাতা।

F. CEC-তে কমপক্ষে একটি আসন পূরণ করতে হবে এমন এক শিক্ষার্থীর পিতামাতাকে, যিনি বর্তমানের বা কোনো এক সময়ের ইংরেজি ভাষা শিক্ষার্থীর পিতামাতা ("ELL প্যারেন্ট")। একজন ইংরেজি ভাষা শিক্ষার্থী বলতে বোঝায় এমন একজন শিক্ষার্থীকে যার বাড়ির ভাষা ইংরেজি নয় এবং যে দ্বৈত ভাষা, উত্তরণমূলক দ্বিভাষী শিক্ষা, অথবা ইংলিশ অ্যাজ অ্যা নিউ ল্যাঙ্গুয়েজ প্রোগ্রামের শিক্ষার্থী কারণ তার ইংরেজি শিক্ষণে সহায়তার চাহিদা রয়েছে। কোনো প্রার্থী যিনি কোনো ELL পিতামাতা হিসেবে CEC-তে

পরিষেবাদানে আগ্রহী, তাকে অবশ্যই আবেদনপত্রে এই তথ্য প্রকাশে সম্মতি জানাতে হবে যে, প্রার্থী ELL শিক্ষার্থীর পিতামাতা প্রার্থী।

## IV. *ক্যান্ডিডেট ফোরাম*

A. প্রতিটি কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এ প্রেসিডেন্টস্ কাউন্সিল FACE-এর সহায়তা ও আনুষাঙ্গিক সমর্থন নিয়ে কমপক্ষে একটি ক্যান্ডিডেট ফোরাম (প্রার্থী সম্মেলন) আয়োজন করবে যেখানে প্রার্থীদেরকে সুযোগ দেওয়া হবে পিতামাতা ও আগ্রহী অন্যান্য পক্ষগুলোর কাছে নিজেদের উপস্থাপন করার।

B. ডিস্ট্রিক্ট 75 আসনে নির্বাচনে আগ্রহী প্রার্থীদের জন্য একটি পৃথক ক্যান্ডিডেট ফোরাম অনুষ্ঠিত হতে পারে।

C. সকল ক্যান্ডিডেট ফোরাম অনুষ্ঠিত হতে হবে প্রার্থীতার আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ অতিক্রান্ত হওয়ার পর, কিন্তু ভোটদান-পর্ব শুরুর আগে, যার সমাপ্তি হতে হবে নির্বাচনী বছরের মে মাসের দ্বিতীয় মঙ্গলবার।

D. ক্যান্ডিডেট ফোরামসমূহ কোন একটি নির্দিষ্ট স্থানে উপস্থিতির মাধ্যমে অথবা ভার্চ্যুয়াল মিটিং প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হতে পারে। প্রেসিডেন্টস্ কাউন্সিল, FACE-এর সাথে মিলিতভাবে সকল ক্যান্ডিডেট ফোরাম বা প্রার্থী সম্মেলনের তারিখ, সময় এবং ফর্ম্যাট নির্ধারণ করবে। সশরীরে অংশগ্রহণযোগ্য ফোরামের ক্ষেত্রে FACE একটি প্রবেশযোগ্য, ADA মেনে চলা স্থানের ব্যবস্থা করবে এবং DOE-এর স্থান ব্যবহারের জন্য সকল প্রয়োজনীয় অনুমতি নেবে ও ব্যয়ভার বহন করবে। ভার্চুয়াল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত ফোরামসমূহের ক্ষেত্রে, FACE প্ল্যাটফর্মের খরচ বহন এবং মিটিংয়ের সময় টেকনিক্যাল সহায়তা প্রদান করবে।

E. প্রতিটি ক্যান্ডিডেট ফোরামের আগে, FACE প্রত্যেক প্রার্থীর আবেদনের কিছু অংশ লভ্য রাখবে যেখানে প্রার্থীর নাম, তার সন্তানের(দের) স্কুল(সমূহ) এবং প্রোগ্রাম, এবং ব্যক্তিগত বিবৃতির ("ক্যান্ডিডেট প্রোফাইল") উল্লেখ থাকবে। পিতামাতা এবং জনসাধারণের দেখার জন্য DOE ওয়েবসাইটে ক্যান্ডিডেট প্রোফাইল পোস্ট করা হবে। সশরীরে উপস্থিতির মাধ্যমে আয়োজিত ফোরামের ক্ষেত্রে FACE বিতরণের জন্য অনুলিপির ব্যবস্থা করবে।

## V. *নির্বাচন প্রক্রিয়া*

A. যোগ্য ভোটারগণ

1. কিন্ডারগার্টেন থেকে অষ্টম গ্রেডের সকল শিক্ষার্থী, অথবা প্রি-K প্রোগ্রামের শিক্ষার্থী, যে বর্তমানে কোনো একটি স্কুলে অথবা কোনো কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্টের অধীনে কোনো একটি স্কুল প্রদত্ত প্রি-K প্রোগ্রামের শিক্ষার্থীর পিতামাতা – তিনি ঐ ডিস্ট্রিক্টের CEC-তে ভোটদানের যোগ্য।

2. একটি ডিস্ট্রিক্ট 75 স্কুলে বা CEC-এর ভৌগোলিক ডিস্ট্রিক্টের মধ্যে অবস্থিত প্রোগ্রামের একজন শিক্ষার্থীর পিতামাতা ডিস্ট্রিক্ট 75 আসনে ভোট দেওয়ার যোগ্য।

3. প্রত্যেক যোগ্য শিক্ষার্থীর বিপরীকে তিনটি ভোট দেওয়া যেতে পারে।

B. ভোটদান

1. NYCSA অ্যাপ্লিকেশনের মাধ্যমে পিতামাতাদের অনলাইনে ভোটদানে উৎসাহ প্রদান করা হয়।

2. যেসব পিতামাতার ইন্টারনেট ব্যবহারের সুবিধা নেই তারা একটি NYCSA অ্যাকাউন্ট তৈরি করতে এবং ভোট দিতে প্যারেন্ট কোঅর্ডিনেটর বা প্রিন্সিপালকে স্কুল বা ডিস্ট্রিক্ট অফিসের কম্পিউটার ব্যবহারের ব্যবস্থা করতে অনুরোধ করতে পারেন, বা কোনো পাবলিক লাইব্রেরির কম্পিউটার ব্যবহার সম্পর্কিত তথ্য পেতে 311 নম্বরে ফোন করতে পারেন।

3. সুপারিনটেনডেন্টদের অফিসগুলিতে কাগজের ব্যালটও পাওয়া যাবে। যদি কোনো সুপারিনটেনডেন্টের অফিস একটি NYCSA অ্যাকাউন্ট তৈরি করেন কোনো পিতামাতার পক্ষে ভোটদান করেন, তাহলে সে সুপারিনটেনটেন্ড অফিসকে অবশ্যই পিতামাতাদের পূরণ করা কাগজের ব্যালটের(সমূহের) রেকর্ড এবং একটি NYCSA অ্যাকাউন্ট তৈরির জন্য পিতামাতার অনুমোদনের রেকর্ড সংরক্ষণ করতে এবং সে পিতামাতার পক্ষে ভোটদান করতে হবে, এবং প্রত্যয়ন করতে হবে যে, সুপারিনটেনডেন্ট অফিস সে পিতামাতার পক্ষে ভোট দান করেছে।

C. পদে বহাল থাকা প্রার্থী

1. CEC-তে নির্বাচিত নয়জন সদস্যের মধ্যে যাদেরকে অবশ্যই কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্টের আওতাধীন একটি স্কুল বা স্কুল দ্বারা প্রদত্ত প্রি-কে প্রোগ্রামে যোগদানকারী শিক্ষার্থীদের পিতামাতা হতে হবে, তাদের মধ্যে কমপক্ষে একজনকে অবশ্যই IEP পিতামাতা এবং কমপক্ষে একজনকে অবশ্যই একজন ELL পিতামাতা হতে হবে। বাকি সাতটি আসন যে কোনো যোগ্য পিতামাতা দ্বারা পূরণ করা যেতে পারে। তদুপরি, সবগুলো আসন পূরণের জন্য এবং/অথবা একজন IEP পিতামাতা বা একজন ELL পিতামাতা-এর পদ পূরণের জন্য আবশ্যিক না হলে, কোনো স্কুল থেকে একজনের বেশি প্রতিনিধি CEC-তে থাকতে পারবেন না। যখন ব্যালট গণনা করা হবে:
   a. সর্বোচ্চ ভোট লাভকারী সাত জন প্রার্থী শর্তসাপেক্ষে আসন পূরণের জন্য মনোনীত বলে বিবেচিত হবেন। তবে যদি এই সাতজন প্রার্থীর মধ্যে কোনো একটি স্কুল থেকে একাধিক প্রার্থী এসে থাকেন, তাহলে সর্বোচ্চ ভোট প্রাপ্ত প্রার্থীকে মনোনীত বিবেচনা করা হবে, একই স্কুল থেকে আসা স্পল্পতর ভোটপ্রাপ্তদেরকে অপসারণ করা হবে, এবং CEC-তে কোনো প্রতিনিধিত্ব নেই, তেমন স্কুলে পরবর্তী সর্বোচ্চ ভোটপ্রাপ্ত প্রার্থীকে শর্তসাপেক্ষে মনোনীত করা হবে।

   b. যদি একই স্কুল(গুলো) থেকে একাধিক প্রার্থী অপসারণের পর সাতজন প্রার্থীর মধ্যে কোনো IEP পিতামাতা ও কোনো ELL পিতামাতা শর্তসাপেক্ষে নির্বাচিত হয়ে থাকেন, তাহলে পরবর্তী সর্বোচ্চ ভোটপ্রাপ্ত যে দুইজন প্রার্থী প্রতিনিধিত্ব নেই এমন স্কুল থেকে এসেছেন, তাদেরক শর্তসাপেক্ষে CEC-এর অবশিষ্ট দুইটি পদের জন্য মনোনীত করা হবে।

   c. যদি একই স্কুল(গুলো) থেকে প্রার্থীদের অপসারণের পর কোনো IEP পিতামাতা এবং/অথবা কোনো ELL পিতামাতা সাতজন শর্তাধীনে মনোনীতদের মধ্যে না থাকেন, তাহলে যথাক্রমে সর্বোচ্চ ভোটপ্রাপ্ত IEP পিতামাতা এবং/অথবা ELL পিতামাতাকে শর্তসাপেক্ষে মনোনীত করা হবে। যদি এমন IEP পিতামাতা এবং/অথবা ELL পিতামাতা ইতোমধ্যে নির্বাচিত প্রার্থীর মতো একই স্কুল থেকে হন এবং ইতোমধ্যে CEC-তে প্রতিনিধিত্ব নেই এমন স্কুল থেকে আরেকজন IEP পিতামাতা এবং/অথবা ELL পিতামাতা থাকেন, তাহলে ইতোমধ্যে CEC-তে প্রতিনিধিত্ব নেই এমন স্কুলের পরবর্তী সর্বোচ্চ ভোটপ্রাপ্ত IEP পিতামাতা এবং/অথবা ELL পিতামাতাকে শর্তাধীনে নির্বাচিত করা হবে।

d. কোনো প্রার্থী যিনি IEP পিতামাতা ও ELL পিতামাতা উভয়টি, তাকে IEP অথবা ELL আসন পূরণের জন্য নিযুক্ত করা হবে, CEC-এর সকল আসন পূরণের নিশ্চয়তার প্রয়োজনে।

2. ডিস্ট্রিক্ট 75 আসনের জন্য ভোট আলাদাভাবে গণনা করা হবে এবং সেই আসনটি পূরণ করার জন্য সর্বোচ্চ সংখ্যক ভোটপ্রাপ্ত প্রার্থীকে শর্তসাপেক্ষে বাছাই করা হবে। একজন প্রার্থী যাকে শর্তসাপেক্ষে কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্টের আওতাধীন একটি স্কুলের প্রতিনিধি হিসেবে বাছাই করা হয়েছে এবং শর্তসাপেক্ষে ডিস্ট্রিক্ট 75 আসনের জন্য বাছাই করা হয়েছে, তাকে ডিস্ট্রিক্ট 75 আসনে নিযুক্ত করা হবে।

D. পুনঃনির্বাচন

1. পুনঃনির্বাচন আয়োজন করতে হবে, যখন:

a. কোনো কোনো বা সকল প্রার্থী সমসংখ্যক ভোট পাবেন;

b. কোনো IEP পিতামাতা এবং/অথবা ELL পিতামাতা, অথবা ডিস্ট্রিক্ট 75 আসনের কোনো প্রার্থী কোনো ভোট না পেলে; বা

c. একই স্কুল থেকে আসেননি, প্রাথমিকভাবে এমনসব প্রার্থীরা CEC-এর সকল আসন পূরণ করার পর এক বা একাধিক আসন খালি থাকলে।

2. প্রার্থীগণ সমান সমান ভোট পাবার ক্ষেত্রে, শুধুমাত্র ঐসব প্রার্থী যারা সমান ভোট পেয়েছেন তাদের মধ্যে পুনরায় নির্বাচন হবে।

3. কোনো IEP পিতামাতা ভোট না পাওয়ার কারণে অনুষ্ঠিত পুনঃনির্বাচনের ক্ষেত্রে, শুধুমাত্র সেসব প্রার্থী যারা IEP পিতামাতা তারা সেই IEP আসনে পুনঃনির্বাচন করবেন। কোনো ELL পিতামাতা ভোট না পাওয়ার কারণে অনুষ্ঠিত পুনঃনির্বাচনের ক্ষেত্রে, শুধুমাত্র সেসব প্রার্থী যারা ELL পিতামাতা তারা সেই ELL আসনে পুনঃনির্বাচন করবেন।

4. এক বা একাধিক আসন খালি থাকলে এবং/অথবা CEC-তে ইতোমধ্যে ছেলেমেয়ের স্কুলের প্রতিনিধিত্ব থাকায় পুনঃনির্বাচনের ক্ষেত্রে পিতামাতাদের অপসারণের পরে কোনো IEP পিতামাতা বা ELL পিতামাতা যদি অবশিষ্ট না থাকলে, শুধু সেসব প্রার্থী যাদেরকে শর্তসাপেক্ষে মনোনীত করা হয়নি, এবং যাদের ছেলেমেয়ে এমন স্কুলে নেই যেগুলোর ইতোমধ্যে প্রতিনিধিত্ব রয়েছে, সেসব প্রার্থীদের নিয়ে পুনঃনির্বাচন অনুষ্ঠিত হবে। যদি পুনঃনির্বাচন সকল আসন পূরণ করতে ব্যর্থ হয়, অথবা কোনো IEP অথবা ELL পিতামাতা বহাল থাকেন, তাহলে CEC-তে একই স্কুল থেকে একাধিক প্রতিনিধিত্ব লাভে যে নিষেধাজ্ঞা রয়েছে, সেটা প্রয়োগ করা হবে না।

5. পুনঃনির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে টাই হলে DOE-এর পক্ষে নির্বাচন পরিচালনাকারী নিরপেক্ষ সংস্থা লটারির মাধ্যমে বিজয়ী নির্ধারণ করবে।

6. যদি উপরে দেওয়া পুনঃনির্বাচন প্রক্রিয়াতে সকল আসন পূরণ না হয়, তাহলে কাউন্সিলে একটি আসন শূন্য বলে গণ্য করতে হবে, যা এই প্রবিধানের অনুচ্ছেদ IX.A-এর কার্যপ্রণালী অনুযায়ী পূরণ করতে হবে।

## VI. *নির্বাচন-উত্তর যোগ্যতা/উপযুক্ততার পর্যালোচনা*

A. প্রার্থীদের শর্তসাপেক্ষে নির্বাচিত হওয়ার পরে, কিন্তু দায়িত্বভার গ্রহণের আগে তারা CEC-তে পরিষেবাদানের যোগ্য কি-না, FACE-কে তা নির্ধারণ করতে হবে। যদি FACE নির্ধারণ করে যে প্রার্থী যোগ্য নয়, FACE একটি লিখিত সিদ্ধান্ত জারি করবে যার মধ্যে থাকবে তার এই জারিকৃত বিষয়ের বাস্তব এবং আইনি ভিত্তি। FACE কর্তৃক কোন প্রার্থী অযোগ্য বিবেচিত হলে তাকে পরবর্তী সর্বোচ্চ ভোটপ্রাপ্ত প্রার্থী দিয়ে স্থলাভিষিক্ত করা হবে এবং যাকে এমন স্কুলের হতে হবে, যেটির কোন প্রতিনিধিত্ব CEC-তে নেই।

B. যদি কোনো মনোনীত প্রার্থী নির্বাচনী বছরের 30 জুন তারিখে বা তার আগে অনুপযুক্ত বা অযোগ্য বিবেচিত হন, তাহলে প্রাথমিক নির্বাচন প্রক্রিয়ায় যে প্রার্থী পরবর্তী সর্বোচ্চ ভোট পেয়েছেন যিনি এমন স্কুল থেকে আসেননি যার ইতোমধ্যে CEC-তে প্রতিনিধিত্ব আছে, তাকে শর্তাধীনে নির্বাচিত বিবেচনা করতে হবে।

C. যদি অনুপযুক্ত বা অযোগ্য প্রার্থী একমাত্র IEP পিতামাতা হয়ে থাকেন, তাহলে CEC-তে ইতিমধ্যে প্রতিনিধিত্ব আছে, এমন স্কুলের না হয়ে থাকলে প্রাথমিক নির্বাচনে পরবর্তী সর্বোচ্চ ভোটপ্রাপ্ত IEP পিতামাতাকে শর্তাধীনে নির্বাচিত বলে গণ্য করা হবে।

D. যদি অনুপযুক্ত বা অযোগ্য প্রার্থী একমাত্র IEP পিতামাতা হয়ে থাকেন, তাহলে CEC-তে ইতিমধ্যে প্রতিনিধিত্ব আছে, এমন স্কুলের না হয়ে থাকলে প্রাথমিক নির্বাচনে পরবর্তী সর্বোচ্চ ভোটপ্রাপ্ত IEP পিতামাতাকে শর্তাধীনে নির্বাচিত বলে গণ্য করা হবে।

E. যদি এই সেকশনে উল্লিখিত বিধি অনুযায়ী নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে টাই হয়, তাহলে DOE-এর পক্ষে নির্বাচন পরিচালনাকারী নিরপেক্ষ সংস্থা লটারির মাধ্যমে বিজয়ী নির্বাচন করবে।

F. যদি যোগ্য কোনো প্রার্থী নির্বাচনের জন্য পাওয়া না যায়, তাহলে কাউন্সিলের একটি পদ শূন্য বলে ধরা হবে যা এই প্রবিধানের সেকশন IX.A প্রতিষ্ঠিত নিয়ম অনুযায়ী পূরণ করা হবে।

## VII. *সময়*

A. প্রতি দুই বছর পর পর, বেজোড় বছরে CEC সদস্যদের নির্বাচনগুলি অনুষ্ঠিত হবে। কোনো পুনঃনির্বাচন থাকলে সেগুলো ব্যতীত, ভোটদান শেষ হতে হবে মে মাসের দ্বিতীয় মঙ্গলবার।

B. নির্বাচন অনুষ্ঠানের বছর জানুয়ারিতে নির্বাচন প্রক্রিয়া শুরু হবে, যখন FACE কর্তৃক CEC-এর ভূমিকা, তার কাজ-কর্ম, এবং কর্মকাণ্ড সম্পর্কিত সাধারণ তথ্য, প্রার্থী তথ্যের পাশাপাশি আবেদন এবং ভোটদান প্রক্রিয়ার প্রকৃতি সম্পর্কিত তথ্য বিতরণ করা হবে।

C. নির্বাচনের পর CEC সদস্যদের মেয়াদ শুরু হবে 1 জুলাই থেকে এবং শেষ হবে তার দুই বছর পর 30 জুন তারিখে। সকল CEC সদস্যকে মেয়াদ শুরু হবার আগে অবশ্যই FACE কর্তৃক আয়োজিত পরিচিতি অধিবেশনে যোগ দিতে হবে, এবং কমপক্ষে তাদের মেয়াদের দ্বিতীয় বছরে একটি বাড়তি ট্রেনিং নিতে হবে।

## VIII. *পদত্যাগ*

A. পিতামাতা সদস্যবৃন্দ

পিতামাতা সদস্যের ইস্তফা লিখিতভাবে FACE-এর কাছে ইমেইলে ccecinfo@schools.nyc.gov ঠিকানায় পাঠাতে হবে। পদত্যাগপত্র FACE-এর হস্তগত হওয়ার পর অবিলম্বে কার্যকর হবে, যদি না তাতে ভবিষ্যতের কোনো তারিখ উল্লিখিত থাকে। FACE-এর সম্মতি ব্যতীত পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

B. বরো প্রেসিডেন্ট দ্বারা নিয়োগপ্রাপ্ত ব্যক্তি

বরো প্রেসিডেন্ট কর্তৃক নিয়োগপ্রাপ্ত ব্যক্তিদের পদত্যাগ লিখিতভাবে নিয়োগদানকারী বরো প্রেসিডেন্ট-এর কাছে এবং একটি কপি ccecinfo@schools.nyc.gov ঠিকানায় FACE-এ পাঠাতে হবে। পদত্যাগপত্র বরো প্রেসিডেন্ট-এর হস্তগত হওয়ার পর অবিলম্বে কার্যকর হবে, যদি না তা ভবিষ্যতের কোনো তারিখ উল্লেখপূর্বক দেওয়া হয়। নিয়োগদানকারী বরো প্রেসিডেন্ট-এর অনুমোদন ছাড়া পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

C. শিক্ষার্থী সদস্য

কমিউনিটি সুপারিনটেনডেন্টকে উদ্দেশ্য করে, FACE-এর কাছে একটি অনুলিপি ccecinfo@schools.nyc.gov ঠিকানায় দিয়ে শিক্ষার্থী সদস্যের পদত্যাগপত্র অবশ্যই লিখিতভাবে পাঠাতে হবে। পদত্যাগপত্র কমিউনিটি সুপারিনটেনডেন্ট-এর হস্তগত হওয়ার পর অবিলম্বে কার্যকর হবে, যদি না তা ভবিষ্যতের কোনো তারিখ উল্লেখপূর্বক দেওয়া হয়। নিয়োগদানকারী কমিউনিটি সুপারিন্টেনডেন্ট-এর অনুমোদন ছাড়া পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

## IX. *পদশূন্যতা*

A. পিতামাতা সদস্য ও বরো প্রেসিডেন্টের নিয়োগকৃতদের পদশূন্যতা

1. CEC সদস্যদের মধ্যে যারা তাদের পদের মেয়াদে যথাযথভাবে অবহিতকরণের পরেও লিখিতভাবে বৈধ কারণ না দেখিয়ে সূচিভুক্ত CEC-এর প্রতিমাসের নিয়মিত মিটিংগুলির তিনটিতে উপস্থিত থাকতে অস্বীকৃতি অথবা অবহেলা করেন, তাদেরকে ধরে নেয়া হবে তারা আসন ছেড়ে দিয়েছেন।

    a. প্রতিটি অনুপস্থিতি এবং লিখিত ব্যাখ্যা ঐ মিটিংয়ের দাপ্তরিক কার্যবিবরণীতে লিপিবদ্ধ করা হবে।

    b. নিম্নলিখিত বিষয়গুলি অনুপস্থিতির জন্য বৈধ কারণ হিসেবে গণ্য হয়ে থাকে: কোনো আত্মীয়ের মৃত্যু বা আত্মীয়ের অন্তেষ্টিক্রিয়ায় অংশগ্রহণ; CEC সদস্য বা পরিবারের কারো মারাত্মক অসুখ বা আহত হওয়া; জুরি ডিউটিসহ বাধ্যতামূলক কোর্ট হাজিরা; মিলিটারি ডিউটি; চাকুরির সাথে সম্পর্কিত দ্বন্দ্ব যার কারণে CEC সভায় অনুপস্থিতি থেকে রেহাই পাওয়া যায়নি; এবং অন্যান্য কারণ যা CEC উপযুক্ত মনে করে। অন্য এই রকম কারণ বৈধ ধরা হতে পারে যদি সেগুলি লিখিতভাবে অনুপস্থিতির 15 দিনের মধ্যে CEC-তে পাঠানো হয় এবং পরবর্তী নিয়মিত সূচিভুক্ত মাসিক মিটিংয়ের সময় CEC-এর ভোটে অনুমোদিত হয় যেখানে মিটিংয়ের কোরাম উপস্থিত।

    c. তৃতীয় অননুমোদিত অনুপস্থিতির পর CEC প্রস্তাব গ্রহণের মাধ্যমে আসনটিকে শূন্য ঘোষণা করবে এবং FACE-কে এই পদক্ষেপের কথা জানিয়ে দেবে। বরো প্রেসিডেন্ট কর্তৃক নিয়োগপ্রাপ্ত ব্যক্তির আসন শূন্য ঘোষিত হবার ক্ষেত্রে, CEC বরো প্রেসিডেন্টকেও অবহিত করবে।

2. ডিস্ট্রিক্ট 75 আসন ব্যতীত অন্য কোনো আসনে যখন কোনো পিতামাতার পদ শূন্য হয়, তখন CEC-কে মেয়াদের অবশিষ্ট সময়ের জন্য কোনো একটি উন্মুক্ত সভায় নির্বাচনের মাধ্যমে সে পদ পূরণ করতে হবে।

    a. CEC শূন্য পদটি সম্পর্কে ব্যাপকভাবে প্রচার করবে, আবেদন প্রক্রিয়ার বিবরণ দেবে এবং আবেদনপত্র জমাদানের একটি সময়সীমা উল্লেখ করবে।

    b. সকল প্রার্থীকে অবশ্যই একটি করে CEC ভ্যাকেন্সি অ্যাপ্লিকেশন (পদশূন্যতা আবেদনপত্র) FACE থেকে সংগ্রহ করতে ও পূরণকৃত ফর্মটি FACE-এ জমা দিতে হবে। FACE আসন পূরণের যোগ্যতা পর্যালোচনা করবে, এবং যোগ্য প্রার্থীদের আবেদনপত্রের অংশসমূহ CEC-তে পাঠাবে।

    c. যদি শূন্য আসনটি কোনো IEP পিতামাতা পদ হয়, এবং অবশিষ্ট CEC সদস্যদের কেউ IEP পিতামাতা না হয়ে থাকেন, শুধুমাত্র যোগ্য প্রার্থী হবেন IEP পিতামাতাগণ। যদি শূন্য আসনটি কোনো ELL পিতামাতা পদ হয়, এবং অবশিষ্ট CEC সদস্যের কেউ ELL পিতামাতা না হয়ে থাকেন, শুধুমাত্র যোগ্য প্রার্থী হবেন ELL পিতামাতাগণ।

    d. কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর প্রেসিডেন্টস্ কাউন্সিল এবং অন্যান্য এডুকেশন গ্রুপকে লিখিত সুপারিশ প্রদানের সুযোগ দিতে হবে এবং শূন্য পদ পূরণের আগে CEC-এর সাথে মতবিনিময় করতে হবে। শূন্যপদ পূরণের জন্য একজন IEP পিতামাতা বা ELL পিতামাতার আসন পূরণের জন্য IEP পিতামাতা বা ELL পিতামাতাকে মনোনয়নের আগে CEC-কে সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন বা সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স-এর সাথে মতবিনিময় করতে হবে।

3. টাই ভোটের কারণে পদশূন্যতা ঘোষণা দেওয়ার 60 দিনের মধ্যে যদি CEC কর্তৃক পিতামাতাদের জন্য এমন নির্দিষ্ট আসন পূরণ করা না হয়, তাহলে টাই ব্রেক করার জন্য চ্যান্সেলর ভোট দেবেন। যদি CEC অন্য কোনো কারণে 60 দিনের মধ্যে শূন্য আসন পূরণ করতে ব্যর্থ হয়, চ্যান্সেলর শিক্ষা আইনের সেকশন 2590-l অনুযায়ী CEC-কে শূন্য আসন পূরণের নির্দেশ দেবেন।

4. বরো প্রেসিডেন্ট কর্তৃক নিয়োগপ্রাপ্ত কোনো আসন শূন্য হলে, বরো প্রেসিডেন্ট মেয়াদের অবশিষ্ট সময় পরিষেবাদানের জন্য একজন সদস্য নিয়োগ দেবেন। আগ্রহী প্রার্থীদেরকে অবশ্যই একটি করে CEC বরো প্রেসিডেন্ট অ্যাপয়েন্টি অ্যাপ্লিকেশন (আবেদনপত্র) FACE থেকে সংগ্রহ করতে ও পূরণকৃত ফর্মটি FACE-এ জমা দিতে হবে। FACE আসন পূরণের যোগ্যতা পর্যালোচনা করবে, এবং যোগ্য আবেদনগুলি যথাযথ বরো প্রেসিডেন্টের কাছে পাঠাবে। নিযুক্তির সকল সিদ্ধান্ত বরো প্রেসিডেন্ট-এর বিবেচনা অনুযায়ী হবে।

5. যখন ডিস্ট্রিক্ট 75 আসনে কোনো পদ শূন্য হয়, তখন ডিস্ট্রিক্ট 75 প্রেসিডেন্টস কাউন্সিলকে মেয়াদের অবশিষ্ট সময়ের জন্য একটি উন্মুক্ত সভায় সে পদ পূরণ করতে হবে। ডিস্ট্রিক্ট 75 প্রেসিডেন্টস কাউন্সিল শূন্যপদের বিজ্ঞাপন দেবে, এবং সেকশন IX.A.2.b-তে যেমন দেয়া আছে সে অনুযায়ী FACE-এ আবেদন জমা দেওয়া হবে। শুধুমাত্র যোগ্য আবেদনকারী হবেন ডিস্ট্রিক্ট 75 স্কুল বা CEC-এর ভৌগোলিক ডিস্ট্রিক্টের মধ্যে অবস্থিত প্রোগ্রামের শিক্ষার্থীদের পিতামাতাগণ।

B. শিক্ষার্থী সদস্যের পদশূন্যতা

শিক্ষার্থী পদশূন্যতার ক্ষেত্রে কমিউনিটি সুপারিনটেনডেন্ট মেয়াদের অবশিষ্ট সময় কাজ করার জন্য

যোগ্য শিক্ষার্থী তালিকা থেকে একজন সিনিয়র শিক্ষার্থী মনোনয়ন দেবেন। সুপারিনটেনডেন্ট FACE এবং CEC-কে তার মনোনয়নের ব্যাপারে অবহিত করবেন।

**X.** *অভিযোগ প্রক্রিয়া*

এই প্রবিধানের প্রতিপালন নিশ্চিত করার ব্যাপারে সকল অভিযোগ চ্যান্সেলর বরাবর লিখিতভাবে বিধিভঙ্গের পাঁচ (5) দিনের মধ্যে জমা দিতে হবে এবং অবশ্যই এতে অভিযোগের কারণ সুনির্দিষ্টভাবে ব্যাখ্যা করতে হবে।

**XI.** *কৌশলগত সহায়তা*

FACE এই প্রবিধানের অন্তর্ভুক্ত প্রক্রিয়া বাস্তবায়নের ব্যাপারে তত্ত্বাবধান করবে এবং প্রয়োজনীয় কৌশলগত সহায়তা প্রদান করবে।

**XII.** *অনুসন্ধান*

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

Office of Family and Community Engagement

N.Y.C. Department of Education

52 Chambers Street - Room 409

New York, NY 10007

ফোন: 212-374-4118

ইমেইল: CCECinfo@schools.nyc.gov